

Total number of printed pages – 8

63 (FY)SEM-2/MIN2/BENMIN1024

2025

BENGALI

(MINOR)

Paper : BENMIN1024

(Autobiography and Biography)

Full Marks : 70

Pass Marks : 28

Time : Three hours

**The figures in the margin indicate
full marks for the questions.**

১। বিকল্প সমন্বিত প্রশ্নগুলির শুদ্ধ উত্তরটি নির্বাচন করো :

১×১০=১০

(ক) “সে আমাকে ঘরের একটি নির্দিষ্ট স্থানে বসাইয়া আমার চারিদিকে খড়ি দিয়া গণ্ডি কাটিয়া দিত।”

এখানে ‘সে’ বলতে কাকে বোঝানো হয়েছে ?

(i) নোয়ামত খলিফা

(ii) শ্যাম

(iii) সত্য

(iv) কৈলাস মুখুজ্যে

(খ) “ইনি সেকালের ফারসি-পড়া রসিক মানুষ, ইংরেজির কোনো ধার ধারিতেন না।” এখানে ‘ইনি’ হলেন

(i) গোবিন্দবাবু

(ii) অঘোরবাবু

(iii) সীতানাথ দত্ত

(iv) শ্রীকণ্ঠবাবু

(গ) “গাও হে তাঁহার নাম

রচিত যাঁর বিশ্বধাম,

দয়ার যাঁর নাহি বিরাম

বারে অবিরত ধারেঃ—”

এই ব্রহ্মসংগীতটি কার লেখা?

(i) গণেন্দ্রনাথ ঠাকুর

(ii) রামনারায়ণ তর্করত্ন

(iii) সারদাচরণ মিত্র

(iv) অক্ষয় সরকার

(ঘ) লেখক সুজিৎ চৌধুরীর মায়ের বাপের বাড়ি ছিল

(i) পাইলগাঁও

(ii) জালালপুর

(iii) ফকিরের বাজার গ্রাম

(iv) বানিয়াচোঙ

(ঙ) ‘স্বাধীনতা সংগ্রামের স্মৃতি’ গ্রন্থের লেখক কে ছিলেন?

(i) নগেন্দ্র দত্ত

(ii) নীরদকুমার গুপ্ত

(iii) বীরেন সেন

(iv) ব্রজেন্দ্রনারায়ণ চৌধুরী

(চ) “খালের পাশে স্কুলের বিশাল সীমানা জুড়ে ছিল বিরাট
বিরাট গাছ—সবগুলোই ———।”

(শূন্যস্থান পূরণ করো)

(i) নারিকেল গাছ

(ii) শিমুল গাছ

(iii) রেনট্রি

(iv) সেগুন গাছ

(ছ) “আলীপুরী ভাষায় উহার নাম লাপসী”
এখানে ‘লাপসী’ বলতে কি বোঝানো হয়েছে?

- (i) পাস্তাভাত
- (ii) গরমভাত
- (iii) ফেন মেশান ভাত
- (iv) খিচুড়ি

(জ) “তাহার পর একদিন প্রভাতে ----- ফাঁসি হইয়া গেল।”
(শূন্যস্থান পূরণ করো)

- (i) সত্যেনের
- (ii) নরেনের
- (iii) কানাইলালের
- (iv) অরবিন্দের

(ঝ) “ন্যাশনাল কলেজের পলাতক ছাত্র—একেবারে শিশু
বা বাচ্ছা বলিলেই হয়।”

ন্যাশনাল কলেজের পলাতক ছাত্রটির নাম কী?

- (i) নলিনীকান্ত গুপ্ত
- (ii) শচীন্দ্রনাথ সেন
- (iii) ইন্দু ভূষণ
- (iv) শ্রীমান দেবব্রত

(ঞ) “ইংরেজ যে যুদ্ধ হারিতেছে না একথা প্রমাণ করিবার
জন্য’ জেলের সুপারিন্টেনডেন্ট কয়েদীদের কোন্ পত্রিকা
পড়তে দিতেন?

- (i) টাইমস পত্রের সাপ্তাহিক সংস্করণ
- (ii) দ্য হিন্দুস্তান টাইমস
- (iii) ওয়াশিংটন পোস্ট
- (iv) দ্য লণ্ডন ক্রোনিক্যাল

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও (যেকোনো পাঁচটি) :
২×৫=১০

(ক) “মাকে গিয়া আমার আসন্ন বিপদের সংবাদ জানাইলাম।”
কে কোন্ বিপদের কথা মাকে জানালেন?

(খ) “এই ভূতপূর্ব গুরুমহাশয় সন্ধ্যাবেলায় আমাদের সংযত
রাখিবার জন্য একটি উপায় বাহির করিয়াছিল।”

গুরুমহাশয়টির নাম কী? তিনি কী উপায় বের করেছিলেন?

(গ) “একদিন ছুটির সময় তাহার ঘরে আমার হঠাৎ ডাক
পড়িল।” কার ঘরে, কার ডাক পড়েছিল?

(ঘ) “ইহাকে দেখিলেই Uncle Tom’s Cabin-এর
লেখিকাকে মনে পড়ে।”

কাকে দেখে এবং কেন লেখকের এরকম মনে হয়েছে?

(ঙ) “You must not expect too much from us.”

“আমাদের নিকট হইতে বড়বেশী কিছু আশা করিও না।” বক্তা কে? কাকে একথা বলেছেন?

(চ) ‘হারানো দিন হারানো মানুষ’ গ্রন্থের লেখক সুজিৎ চৌধুরীর বাবা কিসের প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছিলেন এবং তিনি কী পুরস্কার পেয়েছিলেন?

(ছ) সারদারঞ্জন রায়ের দ্বিতীয় নেশা কী ছিল? তাকে বাংলার কী বলা হতো?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির যেকোনো ছয়টির উত্তর দাও :

৫×৬=৩০

(ক) “পথের মধ্যে একটা ঘটনা ঘটিয়াছিল যেটা এখনো আমার মনে স্পষ্ট আঁকা রহিয়াছে।”

প্রসঙ্গ উল্লেখ করে ঘটনাটির বর্ণনা দাও।

(খ) ‘জীবনস্মৃতি’ গ্রন্থের ‘শিক্ষারস্ত’ অধ্যায়টি অবলম্বনে শিশু রবীন্দ্রনাথের শিক্ষাগ্রহণ বিষয়ে আলোচনা করো।

(গ) ‘জীবনস্মৃতি’ গ্রন্থের ‘কাব্যরচনাচর্চা’ অধ্যায়টি সংক্ষেপে আলোচনা করো।

(ঘ) “দেশ মুক্ত হোক আর না হোক, আমি হবো। বেশি বৎসর জেল খাটা আমার পোষাবে না।”

বক্তা কে? সপ্রসঙ্গ ব্যাখ্যা করো।

(ঙ) “জেলের প্রহরীদের নিকট হইতে তাঁহার আচার সম্বন্ধে অদ্ভুৎ অদ্ভুৎ গল্প শুনিতে পাইতাম।” সপ্রসঙ্গ ব্যাখ্যা করো।

(চ) “হায়রে মানুষের প্রাণ। জেলের কুঠুরীর মধ্যে বন্ধ থাকিয়াও রাখার দুটি রাজা পায় আছাড় খাইয়া পড়িতেছে।”

প্রসঙ্গ নির্দেশ করে বক্তব্যটি আলোচনা করো।

(ছ) “হঠাৎ আমরা আরও একটা পথ আবিষ্কার করিয়া ফেলিলাম।” সপ্রসঙ্গ ব্যাখ্যা করো।

(জ) ‘হারানো দিন হারানো মানুষ’ গ্রন্থের লেখক সুজিৎ চৌধুরীর কত জন ভাইবোন ছিল? তাদের নাম লেখো।

(ঝ) “মায়ের শৈশবকালীন সরলতা সম্পর্কে দুটি গল্প আমাদের পারিবারিক ইতিহাসের উপাদান হিসাবে এখনো মজুত।” লেখকের মায়ের শৈশবকালীন গল্প দুটির উল্লেখ করো।

৪। নিম্নলিখিত যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) ‘জীবনস্মৃতি’ গ্রন্থের ‘হিমালয়যাত্রা’ অধ্যায়টি আলোচনা করো।

